রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৮, ২০১৫

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫ জ্যৈষ্ঠ, ১৪২২/০৮ জুন, ২০১৫

নিম্নলিখিত বিলটি ২৫ জ্যৈষ্ঠ, ১৪২২/০৮ জুন, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৯/২০১৫

### Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982) এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন Supreme Court Judges (Leave, Pension and Privileges) (Amendment) Act, 2015 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ ডিসেম্বর ২০১৩ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Ordinance No. XX of 1982 এর section 21 এর সংশোধন**।—Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 এর section 21 এর sub-section (1) এর clause (b) এর sub-clauses (i), (ii) এবং (iii) তে উল্লিখিত "230", "215" এবং "200" সংখ্যাগুলির পরিবর্তে, যথাক্রমে, "260", "245" এবং "230" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

# উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারকগণ Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 অনুযায়ী বাধ্যতামূলক সমর্পিত পেনশনের বিপরীতে নির্দিষ্ট হারে আনুতোষিক প্রাপ্ত হন। সরকার ২০১৩ সনের ডিসেম্বর মাসে সরকারি কর্মচারীদের অবসর পরবর্তী জীবনের আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বর্তমান জীবন মানের সাথে সামঞ্জস্য রেখে বাধ্যতামূলক সমর্পিত পেনশনের বিপরীতে প্রদত্ত আনুতোষিকের হার বৃদ্ধি করেছে। তবে সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারকগণের উক্ত আনুতোষিকের হার এখনও বৃদ্ধি করা হয়নি। এমতাবস্থায়, সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারকগণের বাধ্যতামূলক সমর্পিত পেনশনের বিপরীতে প্রদত্ত আনুতোষিকের হার বিদ্যমান ২৩০, ২১৫ এবং ২০০ টাকা হতে বৃদ্ধি করে, যথাক্রমে, ২৬০, ২৪৫ এবং ২৩০ টাকায় উন্নীতকরণের লক্ষ্যে বিবেচ্য Supreme Court Judges (Leave, Pension and Privileges) (Amendment) Act, 2015 সংক্রান্ত খসড়া বিল প্রস্তুত করা হয়েছে।

২। উপরি-উক্ত উদ্দেশ্য পূরণকল্পে, Supreme Court Judges (Leave, Pension and Privileges) (Amendment) Act, 2015 সংক্রান্ত বিলটি আইনে পরিণত করার জন্য মহান সংসদে উত্থাপন করা হলো।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd